গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়
পিরোজপুর সদর, পিরোজপুর
www.doict.sadar.pirojpur.gov.bd

## উপজেলা আইসিটি বিষয়ক কমিটির মে/২০২৬ মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মামুনুর রশীদ<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২১/০৫/২০২৬ |
| সভার সময় | দুপুর ১২.০০ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ, উপজেলা পরিষদ |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, চতুর্থ শিল্পবিপ্লবের যুগোপযোগী বাংলাদেশ বিনির্মাণে উপজেলা পর্যায়ে আইসিটি বিষয়ক কার্যক্রমের সম্প্রসারণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাঠ পর্যায়ে দক্ষ জনবল সৃষ্টি, ডিজিটাল সেবার বিস্তার এবং সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণে উপজেলা আইসিটি বিষয়ক কমিটির কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

**২। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ**

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের স্বপ্রণোদিত কর্মশালা | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের ওয়েব পোর্টালের লগইন পাসওয়ার্ড সুরক্ষিত রাখা এবং গুরুত্বপূর্ণ তথ্য নিয়মিত হালনাগাদ করার লক্ষ্যে ডিসেম্বর/২০২৫ মাসে কর্মশালা বাস্তবায়িত হয়েছে। সকল দপ্তরকে ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্ব-স্ব দপ্তর প্রধানগণ, কারিগরি সহায়তায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ২.২ | ডি-নথি প্রশিক্ষণ ও ব্যবহার নিমিত্ত তথ্য প্রদান | উপজেলার দপ্তরসমূহকে পেপারলেস কার্যক্রমে উদ্বুদ্ধকরণ এবং ডি-নথি আইডি হালনাগাদের লক্ষ্যে এপ্রিল/২০২৬ মাসে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ বাস্তবায়িত হয়েছে। সকল দপ্তরকে নিয়মিত ডি-নথি ব্যবহার নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্ব-স্ব দপ্তর প্রধানগণ, কারিগরি সহায়তায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ২.৩ | ইডিসি প্রকল্পের প্রশিক্ষণ ও ব্যবহার নিমিত্ত তথ্য প্রদান | ইডিসি প্রকল্পের আওতায় ১০০ জন শিক্ষককে ইন্টারনেট সংযোগ বিষয়ক প্রশিক্ষণ ০৭ জানুয়ারি ২০২৬ তারিখে প্রদান করা হয়েছে। সংযোগপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ২.৪ | সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত | সরকারি সকল দাপ্তরিক কার্যক্রমে সরকারিভাবে প্রাপ্ত অফিসিয়াল ই-মেইল ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়। | স্ব-স্ব দপ্তর প্রধানগণ |
| ২.৫ | দাপ্তরিক কাজে আইসিটি সেবা বৃদ্ধি | সকল সরকারি দপ্তরে দাপ্তরিক কাজে আইসিটি সেবার ব্যবহার ও সম্প্রসারণ বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | স্ব-স্ব দপ্তর প্রধানগণ |
| ২.৬ | আইসিটিডি ল্যাব সংক্রান্ত | আইসিটিডি ল্যাবপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম জোরদারের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ২.৭ | সাইবার সচেতনতামূলক প্রশিক্ষণ | জনসেবায় সোশ্যাল মিডিয়ায় অপপ্রচার রোধ, দাপ্তরিক আইডির লগইন পাসওয়ার্ড ও আইসিটি ডিভাইস সুরক্ষিত রাখার বিষয়ে ডিসেম্বর/২০২৫ মাসে সাইবার সচেতনতামূলক প্রশিক্ষণ বাস্তবায়িত হয়েছে। সকল দপ্তরকে সাইবার সচেতনতা কার্যক্রম প্রচার ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | স্ব-স্ব দপ্তর প্রধানগণ, কারিগরি সহায়তায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ২.৮ | ন্যাশনাল হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা | ১৬মে, ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে বিভাগীয় পর্যায়ে ন্যাশনাল হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পিরোজপুর সদর উপজেলা থেকে ৪০ জন শিক্ষার্থী কুইজ ও প্রোগ্রামিং এ অংশগ্রহণ করে। আইসিটিডি ল্যাবপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহে তথ্যপ্রযুক্তিভিত্তিক প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণে উৎসাহ প্রদান ও প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও আইসিটিডি ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ |

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে সুচিন্তিত মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানান এবং গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সংযুক্তিঃ**

(১) পরিশিষ্ট-ক

০২-০৬-২০২৬
মামুনুর রশীদ
উপজেলা নির্বাহী অফিসার

**নম্বর:** ৫৬.০৪.৭৯০০.০০০.০০০.০৬.০০০১.১৯.২

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০২ জুন ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত), জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর।
৪। জেলা আইসিটি অফিসার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পিরোজপুর।

০৩-০৬-২০২৬
তানজিলা সালওয়া
উপজেলা আইসিটি অফিসার